



প্রভোস্ট অফিস
ড. মুহম্মদ শহীদুল্লাহ হল
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা-১০০০

নং শহ/.....

তারিখ: ২৪/০৭/১৪২৮ বঙ্গাব্দ
০৯/১১/২০২১ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

ড. মুহম্মদ শহীদুল্লাহ হল ট্রাস্ট ফান্ড বৃত্তি ২০১৯-২০২০

২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত ড. মুহম্মদ শহীদুল্লাহ হলের আবাসিক ছাত্রদেরকে অনুষদ ভিত্তিক (বিজ্ঞান অনুষদ-২টি, জীববিজ্ঞান অনুষদ-২টি, ফার্মেসী অনুষদ-২টি, আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদ-২টি ও ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদ-২টি) এবং পরিসংখ্যান গবেষণা ও শিক্ষণ ইনস্টিটিউট (আইএসআরটি), তথ্যপ্রযুক্তি ইনস্টিটিউট, পুষ্টি ও খাদ্যবিজ্ঞান ইনস্টিটিউট এই ৩টি ইনস্টিটিউট থেকে-১টি ড. মুহম্মদ শহীদুল্লাহ হল ট্রাস্ট ফান্ড কর্তৃক প্রত্যেককে এককালিন ১০,০০০/- টাকা করে মোট ১১টি বৃত্তি প্রদান করা হবে। অগ্রহী ছাত্রদের নিকট থেকে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

- আবেদনকারী ছাত্রদেরকে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ৪র্থবর্ষ স্নাতক সম্মান শ্রেণিতে অধ্যয়নরত ড. মুহম্মদ শহীদুল্লাহ হলের আবাসিক ছাত্র হতে হবে। ২০১৯ সনের ৩য়বর্ষের (১ম ও ২য় সেমিস্টার) ফলাফলের ভিত্তিতে বৃত্তি প্রদান করা হবে।
- তৃতীয় বর্ষ স্নাতক সম্মান পরীক্ষায় ন্যূনতম সিজিপিএ ৩.০০ প্রাপ্ত ছাত্ররা আবেদন করতে পারবে।
- আবেদনকারী বোর্ড বৃত্তি ব্যতিত অন্য কোন বৃত্তি পায়নি মর্মে চেয়ারম্যান/পরিচালক এর প্রত্যয়ন থাকতে হবে।
- আবেদনকারী ছাত্রদের চতুর্থ বর্ষের পরিচয়পত্র ও বোর্ডিং কার্ডের (হালনাগাদ) ফটোকপি আবেদনের সাথে জমা দিতে হবে।
- অগ্রহী ছাত্রদের ২০১৯ সনের তৃতীয় বর্ষ (১ম ও ২য় সেমিস্টার) স্নাতক সম্মান পরীক্ষার নম্বর পত্রের সত্যায়িত (বিভাগীয় শিক্ষকদ্বারা) অনুলিপি সহ নাম, বিষয়, শ্রেণি, রোল নম্বর, শিক্ষাবর্ষ উল্লেখপূর্বক আবেদন করতে হবে।
- স্ব স্ব বিভাগীয় চেয়ারম্যান/পরিচালকের মাধ্যমে সাদা কাগজে প্রভোস্ট বরাবরে লিখিত দরখাস্ত আগামী ২৫/১১/২০২১ ইং তারিখের মধ্যে প্রভোস্ট অফিসে জমা দিতে হবে।

স্বাক্ষরিত/-
প্রভোস্ট (ভারপ্রাপ্ত)
ড. মুহম্মদ শহীদুল্লাহ হল
ঢাকা বিশ্ববিদ্যালয়

নং শহ/.....

তারিখ: ২৪/০৭/১৪২৮ বঙ্গাব্দ
০৯/১১/২০২১ খ্রিস্টাব্দ

প্রচারের অনুরোধসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- সকল চেয়ারম্যান, (বিজ্ঞান অনুষদ, জীব-বিজ্ঞান অনুষদ, ফার্মেসী অনুষদ, আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদ, ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদভূক্ত) বিভাগসমূহ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০।
- পরিচালক, আই.এস.আর.টি, পুষ্টি ও খাদ্যবিজ্ঞান ইনস্টিটিউট, তথ্য প্রযুক্তি ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়।

To website

2. Shafiq
11/11/21
চেয়ারম্যান
পরিসংখ্যান বিভাগ
ঢাকা বিশ্ববিদ্যালয়

প্রভোস্ট (ভারপ্রাপ্ত)
ড. মুহম্মদ শহীদুল্লাহ হল
ঢাকা বিশ্ববিদ্যালয়